



নিয়োগ বিজ্ঞপ্তি

পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) জাতীয় পর্যায়ে একটি বেসরকারি উন্নয়ন সংস্থা। সংস্থার কিশোরগঞ্জ পার্ট অফিসের জন্য সিকিউরিটি গার্ড পদে কাজ করতে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদ : সিকিউরিটি গার্ড। সংখ্যা : ২। শিক্ষাগত যোগ্যতা : এস.এস.সি/সমমান। বয়স : ৩৫ বছর। কর্মস্থল : কিশোরগঞ্জ। সংশ্লিষ্ট কাজে কোন প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতা। অবসরপ্রাপ্ত সেনাবাহিনী, আনসার ও পুলিশ সদস্যদের অগ্রাধিকার দেওয়া হবে। বেতন : ১০,০০০/-।

আগ্রহী প্রার্থীগণ পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, সদ্য তোলা ২ কপি রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতা সনদপত্রের ফটোকপি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, পেশা, পদবী, মোবাইল নম্বরসহ আবেদনপত্র আগামী ২৫/০৩/২০২৪ তারিখের মধ্যে উপ-পরিচালক (মানব সম্পদ ও প্রশাসন), পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। ইমেইলেও আবেদন পাঠাতে পারেন: hr@popibd.org. খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে। বিস্তারিত তথ্যের জন্য www.popibd.org এবং POPI job circular facebook page এ দেখুন। উল্লেখ্য পূর্বে যারা আবেদন করেছেন তাদেরকে আবেদন করার জন্য নিরুৎসাহিত করা যাচ্ছে।

